

প্রথম আলো

তারিখ: 23 JUL 2012  
পৃষ্ঠা: ৩ কলাম: ১

বরিশাল বিশ্ববিদ্যালয়  
নতুন অনুষদসহ চারটি  
বিষয় খোলার অনুমতি  
বরিশাল অফিস ●

বরিশাল বিশ্ববিদ্যালয়ে নতুন একটি অনুষদসহ চারটি নতুন বিষয় খোলার অনুমতি দিয়েছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন। এর মধ্য দিয়ে নতুন শিক্ষাবর্ষে এই বিশ্ববিদ্যালয়ের পাঁচটি অনুষদে ১০টি বিষয়ে শিক্ষার্থী ভর্তি করা হবে।

গতকাল রোববার দুপুরে বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ বিভাগের দেওয়া তথ্য অনুযায়ী, আগামী শিক্ষাবর্ষে এক হাজারের অধিক শিক্ষার্থী ভর্তির সুযোগ পাবে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন ঘোষিত নতুন অনুষদ হলো জীববিজ্ঞান ও কৃষি। আর নতুন চারটি বিষয় হলো- বাংলা, লোকপ্রশাসন, মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান এবং হিসাব বিজ্ঞান ও তথ্য পদ্ধতি।

উপাচার্য হারুনুর রশীদ খান বলেন, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের কাছে আমরা পাঁচটি বিষয় খোলার অনুমতি চেয়েছিলাম। কর্তৃপক্ষ একটি অনুষদসহ চারটি বিষয় খোলার অনুমতি দিয়েছে। আশা করি আরও একটি বিষয় খোলার অনুমতি পাব।